

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়, ফেনী  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
[www.feni.gov.bd](http://www.feni.gov.bd)

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার  
অভীভ জরুরি

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০১.০৯.০০১.২৩-০৭

তারিখ : ১৮ পৌষ ১৪৩০  
০২ জানুয়ারি ২০২৪

### জরুরি বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ফেনী জেলার ৬টি উপজেলায় মোট ০৩ টি সংসদীয় আসন [২৬৫ ফেনী-০১ (পরশুরাম, ছাগলনাইয়া, ফুলগাজী), ২৬৬ ফেনী-০২ (ফেনী সদর) ও ২৬৭ ফেনী-০৩ (সোনাগাজী, দাগনভূঞা)] রয়েছে। উক্ত নির্বাচনি এলাকাসমূহে সুষ্ঠুভাবে ভোট গ্রহণের নিমিত্ত গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৭৮ অনুচ্ছেদ অনুসারে ভোট গ্রহণ শুরুর পূর্ববর্তী ৪৮ (আটচল্লিশ) ঘন্টা অর্থাৎ ৫ জানুয়ারি ২০২৪ তারিখ (শুক্রবার) সকাল ৮.০০ ঘটিকা হতে ভোট গ্রহণ সমাপ্তির পরবর্তী ৪৮ (আটচল্লিশ) ঘন্টা অর্থাৎ ৯ জানুয়ারি ২০২৪ তারিখ (শনিবার) বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত নির্বাচনি এলাকায় কোন ব্যক্তি কোন জনসভা আহ্বান, অনুষ্ঠান বা উহাতে যোগদান করতে এবং কোন ব্যক্তি কোন মিছিল বা শোভাযাত্রা সংঘটিত করতে বা ইহাতে যোগদান করতে পারবেন না। অনুচ্ছেদ ৭৮(১) এ উল্লিখিত সময়ের মধ্যে কোন ব্যক্তি-

(ক) কোন আক্রমণাত্মক কার্য বা বিশৃঙ্খলামূলক আচরণ করতে পারবেন না;

(খ) ভোটার বা নির্বাচনি কার্যে নিয়োজিত বা দায়িত্ব পালনরত ব্যক্তিগণকে হমকি বা ভীতি প্রদর্শন করতে পারবেন না;

(গ) কোন অস্ত্র বা শক্তি প্রদর্শন বা ব্যবহার করতে পারবেন না।

২.০ কোন ব্যক্তি উক্ত বিধানাবলি লঙ্ঘন করলে, তিনি অনধিক ৭(সাত) বৎসর বা অন্যান ২(দুই) বৎসরের সশ্রম কারাদন্ড এবং অর্থদন্ডে দন্ডিত হবেন।

  
02/01/2024  
(মুহাম্মৎ শাহীনা আক্তার)  
জেলা প্রশাসক, ফেনী

ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
ফোন : ০২৩৩৪৪৭৪০০০  
[dcfeni@mopa.gov.bd](mailto:dcfeni@mopa.gov.bd)

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০১.০৯.০০১.২৩- ০৭/৩(৬২)

তারিখ : ১৮ পৌষ ১৪৩০  
০২ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৪। পুলিশ সুপার, ফেনী
- ০৫। অধিনায়ক, ৪ বিজিবি, জায়লস্কর, ফেনী
- ০৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী
- ০৭। কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র্যাব-৭, ফেনী
- ০৮। জেলা নির্বাচন অফিসার, ফেনী
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ..... (সকল), ফেনী (তৌকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফেনী
- ১১। সহকারী পরিচালক, বিআরটিএ, ফেনী
- ১২। জেলা তথ্য অফিসার, ফেনী (তৌকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ১৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী (জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ১৪। উপজেলা নির্বাচন অফিসার, ফেনী সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম/সোনাগাজী/দাগনভূঞা, ফেনী
- ১৫। অফিসার ইনচার্জ, ফেনী সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম/সোনাগাজী/দাগনভূঞা থানা, ফেনী
- ১৬। অফিস কপি/মাস্টার ফাইল।

  
০২/০২/২০২৪  
জেলা প্রশাসক, ফেনী

ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন